আজকের কাগজ

তারিখ 10 NOV 1993
পৃষ্ঠা 7 কলাম 4

### ওসমানী মেডিকেলে ছাত্র রাজনীতি নিষিদ্ধ

# শিবির ছাত্রদল সংঘর্ষে আহত ১৫

শামীম আহমদ সিদ্দিকী ঃ গত শনিবার মধ্য রাতে হামলায় ছাত্রদল ওসমানী মেডিকেল কলেজ সভাপতি মোহাইমিন ও সহ সভাপতি আদনানের আহত হওয়ার জের হিসেবে শহরে ছাত্র সংঘর্ষ অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার শিবির -ছাত্রদল সংঘর্ষে ছাত্রদল কর্মিসহ ১৫ জন আহত হয়েছে। পুলিশ ফাঁকা গুলি ও কাঁদুনে গ্যাস ছুঁড়েছে। উত্তপ্ত পরিস্থিতির কারণে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী ওসমানী মেডিকেল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

গতকাল মঙ্গলবার শিবিরের হামলার প্রতিবাদে জেলা ছাত্রদল শহরে প্রতিবাদ মিছিল করে। একই সময়ে গ্রেফতারকৃত সশস্ত্র শিবির কর্মিদের মুক্তির দাবিতে শিবিরও একটি মিছিল বের করে। বিকেল ৫টার দিকে জিন্দাবাজার ও ছাত্রদলের মিছিল মুখোমুখি হলে সংঘর্ষ বাধে। এ সময় ১০টি ককটেল ও কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা যায়। এ সময় উপস্থিত বিপুল সংখ্যক পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে কাঁদুনে গ্যাস ও ফাঁকা গুলি ছোঁড়ে। এ সময় সংঘর্ষ শহরের ব্যস্ততম জিন্দাবাজারের আশপাশে ছড়িয়ে পড়ে এবং সঙ্গে সঙ্গে দোকানপাট যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। মহিলাসহ শিশুরা প্রাণ ভয়ে ছুটাছুটি শুরু করে। সংঘর্ষে ছাত্রদলের খলিলুর রহমান ও হাসান নামের দু'জন ককটেলের স্প্রিন্টারবিদ্ধ হয়ে আহত হন। বিক্ষোভ শেষে ছাত্রদলের সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন সভাপতি বদরুজ্জামান সেলিম ও সম্পাদক কাদির ফাহিম। তারা শিবিরের সশস্ত্র কর্মিদের গ্রেফতার ও বিচার দাবি করেন। ছাত্রদল এর প্রতিবাদে আজ বুধবার সকাল ১১টায় বিক্ষোভ মিছিল ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয়ার কর্মসূচি ঘোষণা করেছে। শহরে তীব্র উত্তেজনা বিরাজমান। বিক্ষিপ্ত হামলার আশংকায় সর্বত্র পুলিশ টহল জোরদার করা হয়েছে।